## প্রজন্ম চত্বর: অনলাইন থেকে উত্তাল শাহবাগ

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ মানবতাবিরোধী অপরাধে জড়িত থাকার দায়ে জামায়াতের সহকারী সেক্রেটারি আব্দুল কাদের মোল্লাকে যাবজ্জীবন কারাদণ্ডের রায় দেয়ার পরপরই সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক, টুইটার, গুগলপ্লাসসহ বিভিন্ন ব্লগসাইটগুলোতে প্রতিবাদের ঝড় ওঠে। ‘একাত্তরের কসাই’ খ্যাত এ যুদ্ধাপরাধীর সর্বোচ্চ শাস্তি না হওয়ায় ক্ষোভে ফুঁসে উঠেছে তরুণ প্রজন্মসহ সববয়সী সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহারকারীরা। এরই পরিপ্রেক্ষিতে গত ৫ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এ প্রতিবাদে অংশ নিতে প্রতিদিনই হাজার হাজার মানুষ যোগ দিচ্ছেন। ঢাকার বাইরে বিভিন্ন জেলায়ও চলছে প্রতিবাদ। মানবতাবিরোধী যুদ্ধাপরাধীদের ফাঁসির দাবির এ আন্দোলন শুরু হয়েছিল সামাজিক যোগাযোগের মাধ্যম থেকে। আর এ প্রতিবাদের নানা খবর এখন নিয়মিত হচ্ছে অনলাইনে।

শাহবাগে এসেই নয়, প্রবাসে থাকা বাঙালিরাও অনলাইনের মাধ্যমে যুক্ত আছেন এ প্রতিবাদে। প্রতি মুহূর্তে সামাজিক যোগাযোগের ওয়েবসাইট ফেসবুকে হালনাগাদ, নানা ধরনের তথ্য, ছবি শেয়ার দিচ্ছেন অনেকেই।

ইন্টারনেটে উন্মুক্ত বিশ্বকোষ বাংলা উইকিপিডিয়াতে এ বিষয়ে ‘২০১৩-এর শাহবাগ আন্দোলন’ (http://goo.gl/Ocaaj) শিরোনামে রয়েছে নিবন্ধ। ইংরেজি উইকিপিডিয়াতেও (http://en.wikipedia.org/wiki/2013_Shahbag_Protest) যুক্ত হচ্ছে এ প্রতিবাদের নানা তথ্য আর ছবি। পাশাপাশি উন্মুক্ত ছবির সংগ্রহশালা উইকিমিডিয়া কমন্সে (commons.wikimedia.org) নানা ধরনের ছবি আপলোড করে যাচ্ছেন অনলাইনের উইকিপিডিয়ান যোদ্ধারা।



শুধু সামাজিক যোগাযোগমাধ্যমই নয়, প্রতিবাদের অংশ হিসেবে ব্লগাররা নিয়মিত নানা তথ্য ও ছবি যুক্ত করে যাচ্ছেন বাংলা ব্লগে। জনপ্রিয় বাংলা ব্লগ প্রথম আলো ব্লগ (prothom-aloblog.com), সামহোয়ারইন ব্লগ (somewhereinblog.net), আমার ব্লগ (amarblog.com), সচলায়তন ব্লগ (sachalayatan.com), আমরা বন্ধু ব্লগসহ (amrabondhu.com) বিভিন্ন ব্লগেও লিখে যাচ্ছেন ব্লগাররা। প্রায় ব্লগেই আন্দোলনের লেখাকে বিশেষভাবে স্টিকি করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন ব্লগের ব্যানারেও প্রতিবাদের বিশেষ ব্যানার যুক্ত করা হয়েছে ◆

## টেলিকম খাতে ১৫ বছরে ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগ

মোবাইল সিম ট্যাক্স কমানোর দাবি জানিয়েছে মোবাইল ফোন অপারেটরদের সংগঠন অ্যামটব। ১ ফেব্রুয়ারি রাজধানীর রূপসী বাংলা হোটেলে সংগঠনটির নতুন নির্বাহী কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে এ দাবি জানানো হয়। অনুষ্ঠানে অ্যামটবের মহাসচিব টিআইএম নূরুল কবীর বলেন, এ মুহূর্তে সেলফোনের মাধ্যমে ইন্টারনেট সেবা পাচ্ছে দেশের ৩ কোটি ৮০ লাখ ব্যবহারকারী। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি স্বাস্থ্য ও শিক্ষা খাতেও ভূমিকা রাখছে এই খাত। গত ১৫ বছরে এই খাতে বিনিয়োগ হয়েছে ৫০ হাজার কোটি টাকা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী সাহারা খাতুন। অ্যামটবের সভাপতি মাইকেল ক্যুনারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডাক ও টেলিযোগাযোগ সচিব আবু বকর সিদ্দিক, বিটিআরসির ভাইস চেয়ারম্যান গিয়াস উদ্দিন আহমেদ ও গ্রামীণফোনের প্রধান নির্বাহী বিবেক সুদ। এ সময় দেশের ছয়টি মোবাইল ফোন অপারেটরের প্রধান নির্বাহী উপস্থিত ছিলেন। সাহারা খাতুন বর্তমান সরকারের আমলে দেশের টেলিযোগাযোগ খাতের বিভিন্ন সাফল্য তুলে ধরে বলেন, এই খাত বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি তুলে ধরতে ইতিবাচক ভূমিকা পালন করেছে।

অনুষ্ঠানের শুরুতে অ্যামটবের বিদায়ী সভাপতি মেহবুব চৌধুরী নতুন সভাপতি মাইকেল ক্যুনারকে দায়িত্ব বুঝিয়ে দেন ◆

## অ্যাপল অ্যাপসের ৪ হাজার কোটি ডাউনলোড

অ্যাপলের অনলাইন অ্যাপ্লিকেশন স্টোর অ্যাপ স্টোর থেকে অ্যাপ্লিকেশন ডাউনলোডের সংখ্যা ৪ হাজার কোটি ছাড়িয়ে গেছে। ২০১২ সালে সর্বোচ্চ ২ হাজার কোটি অ্যাপ্লিকেশন ডাউনলোড হয়েছে। বর্তমানে অ্যাপ স্টোরে ৫০ কোটিরও বেশি সক্রিয় অ্যাকাউন্ট রয়েছে। সম্প্রতি অ্যাপল কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে।

এ প্রসঙ্গে অ্যাপলের মুখপাত্র এডি কিউ জানান, মাত্র চার বছরে এ অসংখ্য অ্যাপ্লিকেশন ডাউনলোড হয়েছে। এটি বড় ধরনের অগ্রগতি। একই সাথে অ্যাপ স্টোরের উন্নয়নে অ্যাপল এখনও বিনিয়োগ করে যাচ্ছে এবং অ্যাপ্লিকেশন নির্মাতাদের উন্নত ইকোসিস্টেম তৈরি করে দিতে কাজ করছে। তিনি জানান, এ পর্যন্ত অ্যাপ্লিকেশন নির্মাতারা অ্যাপ স্টোর থেকে ৭০০ কোটি ডলারেরও বেশি আয় করেছেন।

২০০৮ সালে চালু হওয়া অ্যাপ স্টোর ১ বিলিয়ন অ্যাপ্লিকেশন ডাউনলোডের মাইলফলক স্পর্শ করে ২০০৯ সালে। এরপর ২০১২ সালের মার্চে আড়াই হাজার কোটি অ্যাপ্লিকেশন ডাউনলোডের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এ সময় আড়াই হাজার কোটিতম অ্যাপ্লিকেশন ডাউনলোডকারীকে ১ হাজার ডলার পুরস্কার দিয়েছিল অ্যাপল ◆

## ফোন চোরের ছবি পাঠাবে অ্যান্ড্রয়িড অ্যাপ

পরপর তিনবার চেষ্টা করে স্মার্টফোন আনলক করতে ব্যর্থ হলে ফোনের সামনের দিকে থাকা ক্যামেরা স্বয়ংক্রিয়ভাবে স্মার্টফোন ব্যবহারকারীর ছবি তুলবে এবং স্মার্টফোনে আগে থেকে নির্ধারিত ই-মেইল ঠিকানায় ছবিসহ স্মার্টফোনের বর্তমান অবস্থান ও বিভিন্ন তথ্য পৌঁছে দেবে। এমনকি স্মার্টফোন চুরির পর চোর স্মার্টফোনে হাত দিলে স্বয়ংক্রিয় কল চলে যাবে ব্যবহারকারীর অন্য কোনো নম্বরে। অ্যান্ড্রয়িডভিত্তিক স্মার্টফোন হারিয়ে যাওয়া কিংবা অবাঞ্ছিত কারও ব্যবহার বন্ধ করতে বিশেষ ধরনের স্মার্টফোন অ্যাপ্লিকেশন তৈরি করেছে যুক্তরাষ্ট্রের নিরাপত্তা সফটওয়্যার নির্মাতা লুকআউট। প্রতিষ্ঠানটি আরও জানিয়েছে, সাথে থাকা আলাদা অ্যাপ্লিকেশন ব্যবহার করে দূর থেকেই স্মার্টফোন লক করে দেয়া বা তথ্য মুছে দেয়া যাবে। সব মিলিয়ে কোনোভাবেই চুরি করা ফোন ব্যবহার করা যাবে না। তবে লুক আউটের অ্যাপ্লিকেশন ব্যবহার করতে প্রতি মাসে তিন ডলার করে খরচ করতে হবে। অ্যাপ্লিকেশনটির নাম ‘লক ক্যাম’। উল্লেখ্য, লক ক্যাম ব্যবহার করতে হলে সামনের দিকে ক্যামেরা রয়েছে এমন স্মার্টফোন ও অ্যান্ড্রয়িডের ২.৩ বা তার পরবর্তী সংস্করণ থাকতে হবে। এ ছাড়া স্মার্টফোনে পিন-কোড বা প্যাটার্ন লক করে রাখতে হবে। অ্যান্ড্রয়িড স্মার্টফোনের সেটিংস অপশনে সিকিউরিটি সেটিংস ব্যবহার করে প্যাটার্ন লক বা পিন লক করা যায় ◆

## এশিয়ায় আইফোনের জনপ্রিয়তা কমছে



সিঙ্গাপুর, হংকংয়ের মতো এশিয়ার অনেক শহরেই অ্যাপলের তৈরি আইফোনের জনপ্রিয়তায় ভাটা পড়তে শুরু করেছে। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, একসময় এশিয়ার শহরগুলোতে আইফোনের অনেক জনপ্রিয়তা ছিল। বর্তমানে আইফোনের প্রতি মানুষের টান কমে যাচ্ছে। আইফোনের বাজার দখল করছে অ্যান্ড্রয়িডনির্ভর স্মার্টফোন।

বাজারে এখন আইফোনের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে পারে এমন বিভিন্ন ব্র্যান্ডের স্মার্টফোন রয়েছে। এসব ব্র্যান্ডের মধ্যে স্যামসাং ব্র্যান্ডের স্মার্টফোন আইফোনের বাজারে ভাগ বসাচ্ছে।

স্ট্যাটকাউন্টের তথ্যানুযায়ী ২০১০ সালে সিঙ্গাপুরে অ্যাপল পণ্যের জনপ্রিয়তা ছিল সবচেয়ে বেশি। ২০১২ সাল পর্যন্ত সিঙ্গাপুরের বাজারের ৭২ শতাংশ ছিল আইওএসনির্ভর পণ্যের দখলে। তবে ২০১৩ সালের জানুয়ারিতে সিঙ্গাপুরের বাজারে অ্যাপলের দখল নেমে এসেছে ৫০ শতাংশের নিচে। এ বাজারের ৪৩ শতাংশ দখল এখন অ্যান্ড্রয়িডের।

হংকংয়ের বাজারে গত এক বছরে আইফোনের জনপ্রিয়তা ৫০ থেকে নেমে এসেছে ৩০ শতাংশে। তবে অ্যান্ড্রয়িডের বাজার বেড়েছে। সিঙ্গাপুর আর হংকংয়ের প্রযুক্তি বাজারকেই এশিয়ার অন্যান্য শহরের প্রযুক্তি বাজারগুলো অনুসরণ করে। সিঙ্গাপুর আর হংকংয়ের বাজার হারানোর অর্থ এশিয়ায় অ্যাপলের জনপ্রিয়তা কমে যাচ্ছে। সিঙ্গাপুরের সোশ্যাল মিডিয়া ডেভেলপার প্রতিষ্ঠান বাবল মোশনের প্রধান নির্বাহী টম ক্লেটন জানিয়েছেন, এখনো এশিয়ায় অ্যাপল ব্র্যান্ডকে উন্নত ব্র্যান্ড হিসেবে বিবেচনা করা হয়। তবে বাজারে আইফোনের প্রতিদ্বন্দ্বী অনেক স্মার্টফোন আসায় বাজার দখলের লড়াইয়ে পিছিয়ে পড়ছে অ্যাপল। প্রযুক্তি বিশ্লেষকেরা জানিয়েছেন, দক্ষিণ এশিয়ার মানুষ স্মার্টফোনে ঝুঁকছে সবচেয়ে বেশি।

## যুক্তরাজ্যে গুগলের বিনামূল্যে ১৫ হাজার রাস্পবেরি পাই কমপিউটার

যুক্তরাজ্যের শিক্ষার্থীদের ১৫ হাজার রাস্পবেরি পাই কমপিউটার বিনামূল্যে বিতরণ করছে ইন্টারনেট সার্চ ইঞ্জিন প্রতিষ্ঠান গুগল। সম্প্রতি ক্যামব্রিজের চেস্টারটন কমিউনিটি কলেজে শিক্ষার্থীদের কমপিউটার বিতরণের পাশাপাশি কোড তৈরি শেখান এরিক স্মিড ও রাস্পবেরি পাই ফাউন্ডেশনের সহ-প্রতিষ্ঠাতা ইবেন উপটান।

রাস্পবেরি পাই ফাউন্ডেশনের তৈরি রাস্পবেরি পাই নামে ক্ষুদ্রাকার এ কমপিউটারের দাম ৩৫ মার্কিন ডলার। একটি ক্রেডিট কার্ড আকার বোর্ডের ওপর পিসির যাবতীয় যন্ত্রাংশ স্থাপন করে তৈরি এ কমপিউটার। এটি তৈরি করা হয়েছে মূলত শিক্ষার্থীদের কথা মাথায় রেখেই। যারা কমপিউটার প্রোগ্রামিং বা কোডিংয়ে আগ্রহী তাদের জন্য তৈরি রাস্পবেরি পাই।

## গুগল সিইও সমালোচনা করলেন অ্যাপল-ফেসবুকের



ফেসবুক ও অ্যাপল তাদের পণ্যগুলো যথার্থভাবে ব্যবহার করছে না বলে সমালোচনা করলেন গুগলের প্রধান নির্বাহী ল্যারি পেইজ। দৈনিক গার্ডিয়ান জানিয়েছে, ফেসবুকে ব্যক্তিগত তথ্য লুকিয়ে রাখা বা প্রাইভেসি সিস্টেমে ক্রটির সমালোচনা করেছেন গুগলের এই সহ-প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী।

প্রযুক্তিবিষয়ক প্রকাশনা উইয়ার্ড ম্যাগাজিনকে দেয়া এক সাক্ষাৎকারে ল্যারি পেইজ বলেন, সোশ্যাল নেটওয়ার্কিং সাইট ফেসবুক এবং অ্যাপলের সীমিত সেবার ফলে আগ্রহীরা পছন্দের সব সেবা পাচ্ছেন না। অপরদিকে তিনি বলেছেন, অ্যাপল তাদের পণ্যের আওতা সন্তোষজনকভাবে বাড়ায়নি।

সাক্ষাৎকারে ল্যারি পেইজ আরো বলেছেন, ক্ষেত্রবিশেষে আইন ভাঙতেও তার আপত্তি নেই, যদি তা থেকে কোনো ভালো পণ্য পাওয়া সম্ভব হয়।

উল্লেখ্য, অ্যাপলের সাবেক সিইও এবং সহ-প্রতিষ্ঠাতা স্টিভ জবস গুগলের অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেম সম্পর্কে বলেছিলেন, অ্যান্ড্রয়িডে আদতে আইফোন অপারেটিং সিস্টেমের অনেক ফিচার বেআইনীভাবে ব্যবহার করা হয়েছে। গত বছর এই ইস্যুতেই অ্যান্ড্রয়িড চালিত গ্যালাক্সি স্মার্টফোনে আইফোনের বিভিন্ন ফিচার অপব্যবহার প্রশ্নে মার্কিন যুক্তরাষ্ট্রে এক পেটেন্ট মামলায় স্যামসাংয়ের বিরুদ্ধে শত কোটি ডলার জরিমানার রায় হয়েছে।

অপরদিকে গুগলের সোশ্যাল নেটওয়ার্কে ফেসবুকের কিছু ফিচার ব্যবহারের কথা জানিয়েছে বিভিন্ন অনলাইন পোর্টাল। ফেসবুক সম্পর্কে ল্যারি পেইজ বলেন, ফেসবুক শক্তিশালী অবস্থানে আছে, তবে আমাদের সাইটটি ফেসবুকের চেয়ে ভিন্ন।

গুগল জানিয়েছে, তাদের ৫০ কোটি তালিকাভুক্ত ব্যবহারকারী রয়েছে। অন্যদিকে ফেসবুকে রয়েছে ১০০ কোটি ব্যবহারকারী। এ ছাড়া প্রতিদিন ১২ কোটি ৫০ লাখ মানুষ গুগলের সেবা গ্রহণ করছে বলে তিনি জানান। পেইজ বলেন, বিশ্বে বর্তমানে ৭০ শতাংশ স্মার্টফোন গুগলের অ্যানাড্রয়িড অপারেটিং সিস্টেমে চলে।

## ফেসবুক হ্যাকার কাপের নিবন্ধন শুরু

সামাজিক যোগাযোগ সাইট ফেসবুক বার্ষিক হ্যাকার কাপ প্রতিযোগিতার নিবন্ধন শুরু করেছে। নিবন্ধনের সময়সীমা ২৫ জানুয়ারি পর্যন্ত নির্ধারিত ছিল। এরপর ২৫ জানুয়ারি থেকে শুরু হয়ে অনলাইনে প্রাথমিক বাছাই পর্ব অনুষ্ঠিত হবে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত। অনলাইন প্রিলিমিনারি কোয়ালিফিকেশন পর্ব থেকে নির্বাচিত ২৫ জন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার ফেসবুক প্রধান কার্যালয়ে চূড়ান্ত পর্বে অংশগ্রহণের সুযোগ পাবেন। চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে আগামী ২২ ও ২৩ মার্চ। প্রতিযোগিতার চ্যাম্পিয়ন হ্যাকার পাবেন ১০ হাজার ডলার পুরস্কার। এছাড়া দ্বিতীয় স্থানপ্রাপ্ত ২ হাজার, তৃতীয় স্থানপ্রাপ্ত ১ হাজার ডলার এবং ৪র্থ থেকে ২৫তম স্থানপ্রাপ্ত হ্যাকার পাবেন ১০০ ডলার।

ফেসবুক কর্তৃপক্ষ জানিয়েছে, গত বছরের তুলনায় এবারের আয়োজনে পুরস্কারের অর্থ দ্বিগুণ করা হয়েছে। এছাড়া প্রতিযোগিতায় অংশ নেয়া শীর্ষ ২৫ জন হ্যাকার মেনলো পার্কে ফেসবুকের সদর দফতর ঘুরে দেখার সুযোগ পাবেন। দুই রাউন্ডে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রথম ধাপটি হবে অনলাইনে। প্রিলিমিনারি রাউন্ড শুরু হয়েছে ২৫ জানুয়ারি এবং চলবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। দ্বিতীয় হ্যাকার কাপ প্রতিযোগিতায় বিশ্বের ১৫০টি দেশ থেকে ৮ হাজার প্রতিযোগী অংশ নেন। হ্যাকার কাপ সংক্রান্ত তথ্য দেখা যাবে নিচের ফেসবুক পেজে https://www.facebook.com/hackercup

## ইরানের সাইবার ক্ষমতা বাড়ছে

২০১০ সালে ইরানের পরমাণু স্থাপনার কমপিউটার সিস্টেমে স্টুক্সনেট ভাইরাস দিয়ে হামলা চালানো হয়। এ ঘটনার পর থেকে ইরান সাইবার আক্রমণ প্রতিহত এবং পাল্টা আক্রমণের ব্যাপক শক্তি অর্জন করছে। ইসলামী প্রজাতন্ত্র ইরানের সাইবার ক্ষমতা দিন দিন বাড়ছে। এ কথা স্বীকার করেছেন মার্কিন বিমানবাহিনীর মহাকাশ কমান্ডের প্রধান জেনারেল উইলিয়াম শেলটন। সম্প্রতি সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি এসব কথা বলেন। তিনি আরও জানান, ইরান যেভাবে ক্ষমতা অর্জন করছে তাতে ভবিষ্যতে দেশটি এ ক্ষেত্রে নিশ্চিত শক্তিতে পরিণত হবে এবং আগামী কয়েক বছরের মধ্যে আমেরিকার জন্য সম্ভাব্য হুমকির কারণ হয়ে উঠবে। তবে মার্কিন সরকারের কমপিউটার সিস্টেমে ঝামেলা করার মতো ইরানের কতটা ক্ষমতা আছে– এমন প্রশ্নে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি।

উল্লেখ্য, কিছুদিন আগে মার্কিন ব্যাংকিং সিস্টেমে সাইবার হামলার জন্য ওয়াশিংটন ইরানকে দায়ী করে। তবে ইরান সে অভিযোগ অস্বীকার করেছে। ২০১২ সালের জুন মাসে দৈনিক নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে প্রেসিডেন্ট বারাক ওবামা গোপনে ইরানের পরমাণু স্থাপনায় স্টুক্সনেট ভাইরাস দিয়ে অন্তর্ঘাতমূলক হামলার নির্দেশ দিয়েছিলেন বলে খবর প্রকাশিত হয়। একই বছর জুনে ওয়াশিংটন পোস্টও আমেরিকা ও ইহুদিবাদী ইসরায়েল যৌথভাবে ইরানের বিরুদ্ধে সাইবার গোয়েন্দাবৃত্তি চালানোর জন্য ফ্লেম নামে একটি ভাইরাস তৈরি করেছে বলে খবর প্রকাশ করে। এসব হুমকির পরিপ্রেক্ষিতে ইরান নিজেদের সাইবার সক্ষমতা বহুগুণে বাড়াচ্ছে বলে মনে করা হচ্ছে।

# দেশে প্রথম কমপিউটার ব্র্যান্ড শপ চালু করল কমপিউটার সোর্স

ঢাকার ধানমণ্ডিতে যাত্রা শুরু করেছে দেশের প্রথম কমপিউটার ব্র্যান্ড শপ। ক্রেতাদের স্বাচ্ছন্দ্যময় কেনাকাটার সুযোগ করে দিতে ধানমণ্ডি ২৭ নম্বর রোডে সাত হাজার বর্গফুট জায়গায় গড়ে তোলা হয়েছে কমপিউটার সোর্সের ৩৭তম শাখাটি। এখানে এক ছাদের নিচেই রয়েছে অ্যাপল, ফুজিৎসু, ডেল, এইচপি, মাইক্রোসফট, ইন্টেল, সিসকো, নরটন, লজিটেক, লেক্সমার্ক, রেজার, অ্যান্টেক, ডব্লিডি ছাড়াও দেশী ব্র্যান্ডের সিএসএমসহ ৪৩টি ব্র্যান্ডের আইটি পণ্য। রয়েছে ল্যাপটপ, ডেস্কটপ থেকে শুরু করে ব্র্যান্ডভিত্তিক প্রিন্টার, হোমথিয়েটার, হেডফোন, রাউটার ছাড়াও মাদারবোর্ড, গ্রাফিক্সকার্ডের মতো কমপিউটারের খুঁটিনাটি যন্ত্রাংশ। সব বয়সী ব্যক্তির জন্যই এখানে রয়েছে বিশ্বমানের হালনাগাদ আইটি পণ্য। সপরিবারে সময় কাটানোর জন্য রয়েছে এক্সপেরিয়েন্স জোন। এই ব্র্যান্ড শপটির সাথেই রয়েছে অ্যাপলের অথরাইজড রিটেইল শপ। সাড়ে ৭০০ বর্গফুট বিস্তৃত এই কর্নারে ম্যাকবুক থেকে শুরু করে রয়েছে আইপডও। এখানে প্রদর্শিত প্রতিটি ডিভাইসের সাথেই রয়েছে এক থেকে পাঁচ বছর পর্যন্ত বিক্রয়োত্তর সেবা। আছে প্রতিটি ডিভাইস সচল অবস্থায় পরীক্ষার ব্যবস্থাও। গত ৯ জানুয়ারি দেশের প্রথম এই কমপিউটার ব্র্যান্ড শপটির উদ্বোধন করেন দেশের শীর্ষ তথ্যপ্রযুক্তি পণ্য ও সেবাদাতা প্রতিষ্ঠান কমপিউটার সোর্সের ব্যবস্থাপনা পরিচালক মাহফুজুল আরিফ ও চেয়ারম্যান সৈয়দা মাজেদা মেহের নিগার। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ কমপিউটার সমিতির পরিচালক মোস্তাফা জব্বার, ইন্টেল বাংলাদেশের জিয়া মঞ্জুর, ডেল বাংলাদেশের আতিকুর রহমান, এইচপির বাংলাদেশ প্রতিনিধি ও লজিটেক বাংলাদেশ প্রতিনিধি জামাল রহীম, ব্যাংকার, স্টেকহোল্ডার, ব্যবসায় প্রতিনিধি এবং কমপিউটার সোর্সের পরিচালক ও কর্মকর্তারা ◆



# গিগাবাইট বাংলাদেশ প্রতিনিধি হলেন আনাস খান



বিশ্বখ্যাত প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠান গিগাবাইটের বাংলাদেশ প্রতিনিধি হিসেবে নিয়োগ পেয়েছেন খাজা মো: আনাস খান। এর আগে তিনি একযুগ স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেডে কর্মরত ছিলেন। সর্বশেষ তিনি স্মার্ট টেকনোলজিসের গিগাবাইট পণ্য ব্যবস্থাপক পদে বহাল ছিলেন। সম্প্রতি এক সংবাদ সম্মেলনের মাধ্যমে খাজা মো: আনাস খানকে গিগাবাইট বাংলাদেশ প্রতিনিধি হিসেবে আনুষ্ঠানিকভাবে পরিচয় করিয়ে দেন গিগাবাইট টেকনোলজিসের সেলস ডিরেক্টর অ্যালান চ্যান ও সাউথ এশিয়া জোনের ব্যবস্থাপক অ্যালান সু। এ সময় উপস্থিত ছিলেন স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেডের বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ ◆

# এমএসআই ব্র্যান্ডের নানা মডেলের গ্রাফিক্স কার্ড নিয়ে এলো ইউসিসি



গ্রাফিক্স কার্ডের বাংলাদেশের বাজারে অন্যতম প্রধান বাজারজাতকারী প্রতিষ্ঠান ইউসিসি তার অগ্রসরমান ক্রেতার চাহিদাকে সবসময় গুরুত্ব দিয়ে থাকে। ইউসিসির পণ্যের তালিকায় পৃথিবীর অন্যতম বৃহৎ আইটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এমএসআই ব্র্যান্ডের গ্রাফিক্স কার্ডের নাম দেখে তাই অবাক হওয়ার কিছু নেই। এমএসআই ছাড়াও ইউসিসির Sapphire এবং XFX নামে আরও দুটি ব্র্যান্ডের গ্রাফিক্স কার্ডের একমাত্র সরবরাহকারী। সেই দৃষ্টিকোণ থেকে বিচার করলে বাংলাদেশের বাজারে গ্রাফিক্স কার্ডের প্রধান জোগানদাতা হিসেবে ইউসিসির নাম থাকবে অগ্রভাগে।

এমএসআই ব্র্যান্ডের মাদারবোর্ড এবং ল্যাপটপের পাশাপাশি ইউসিসি nvidia চিপসেটের বেশ কিছু মডেলের গ্রাফিক্স কার্ড বিক্রি করে থাকে। এর মধ্যে ৬এক্স সিরিজের N670 PE 2GD5/OC, N660Ti PE 2GD5/OC, N660 TF 2GD5/OC, N650 PE 1GD5/OC, N640GT-MD2GD3/OC, N630GT-MD4GD3, N630GT-MD2GD3 ইত্যাদি অন্যতম। এছাড়া ৫এক্স সিরিজের মডেলগুলোর মধ্যে রয়েছে N560GTX-Ti Twinfrozr II 2GD5/OC, N560GTX-M2D1GD5, N550GTX-Ti Cyclone II 1GD5/OC। ৬এক্স সিরিজের ডিডিআর৩ এবং ডিডিআর৫ গ্রাফিক্স কার্ডগুলো মূলত ১ জিবি এবং ২ জিবি। কিন্তু ৫এক্স সিরিজের মডেলগুলোর সবই ডিডিআর৫ ঘরানার।

গ্রাফিক্সকার্ডগুলোর দাম এবং বিস্তারিত জানার জন্য ইউসিসির যেকোনো শাখা অফিস অথবা ডিলার শপে যোগাযোগ : ১৮৩৩৩৩১৬০১। এছাড়া বিস্তারিত পাবেন www.ucc-bd.com ঠিকানায় ◆

# বাংলাদেশে স্টোরেজ ও মাল্টিমিডিয়া পণ্যে শীর্ষস্থানে ট্রান্সসেন্ড

ইউসিসির আমন্ত্রণে সম্প্রতি বাংলাদেশে এসেছিলেন ট্রান্সসেন্ডের দক্ষিণ এশিয়া অঞ্চলের আঞ্চলিক প্রধান গর্ডন উ এবং দক্ষিণ এশিয়ার অ্যাকাউন্ট ম্যানেজার নিক চু। বাংলাদেশে অবস্থানকালে ইউসিসির আয়োজনে ইউসিসির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে মিলিত হন গর্ডন উ ও নিক চু। সেখানেই সাংবাদিকদের সাথে বাংলাদেশে ট্রান্সসেন্ডের বর্তমান অবস্থা এবং বাজারে ট্রান্সসেন্ডের পরিকল্পনা নিয়ে কথা বলেন।




ইউসিসির সিইও সারওয়ার মাহমুদ খান তার স্বাগত বক্তব্যে ট্রান্সসেন্ডের বাংলাদেশের বাজারের সাফল্যে নিজেদের পাশাপাশি সারাদেশে সাত শতাধিক ডিলারের অবদানকে বিশেষভাবে স্মরণ করেন।

গর্ডন উ এবং নিক চুয়ের ট্রান্সসেন্ড নিয়ে বৈশ্বিক এবং বাংলাদেশকেন্দ্রিক তিনটি ভিন্নধর্মী প্রেজেন্টেশন শেষে গর্ডন উ এবং সারওয়ার মাহমুদ খান সাংবাদিকদের নানা প্রশ্নের উত্তর দেন। সংবাদ সম্মেলনে সঞ্চালকের দায়িত্বে ছিলেন কোম্পানির সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন অ্যান্ড অ্যাডমিন) আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু। নিক চু সংবাদ সম্মেলনের শেষদিকে এসে আগামীতে যেসব পণ্য ট্রান্সসেন্ডের পণ্য তালিকায় যুক্ত হচ্ছে এরূপ তিনটি পণ্য সাংবাদিকদের প্রদর্শন করেন।

গর্ডন উর তথ্যমতে, বিশ্ববাজারে ট্রান্সসেন্ডের মোট মার্কেট শেয়ারের মাত্র দশমিক ৩ শতাংশ বাংলাদেশের মার্কেট থেকে এলেও বাংলাদেশে মেমরি মডিউল মার্কেটে ট্রান্সসেন্ডের শেয়ার প্রায় ৫০ শতাংশের ওপর। বাংলাদেশের বাজারে ট্রান্সসেন্ড পণ্যের অন্যতম প্রধান পরিবেশক হচ্ছে ইউসিসি।

২০০৮ সালে প্রযুক্তি গবেষণা প্রতিষ্ঠান গার্টনারের হিসাবে বিশ্বের তৃতীয় বৃহত্তম ইউএসবি ফ্ল্যাশ মেমরি নির্মাতা ছিল ট্রান্সসেন্ড। শুধু ইউএসবি ফ্ল্যাশ স্টোরেজই নয়, ট্রান্সসেন্ড পরে বাজারে নিয়ে এসেছে এক্সটারনাল হার্ডডিস্ক, এমপিথ্রি প্লেয়ার, এমপিফোর প্লেয়ার, ডিজিটাল ফটোফ্রেমসহ নানা ধরনের ডিভাইস। আর প্রতিটিই বিশ্বব্যাপী নির্ভরযোগ্য এবং বিশ্বস্ত ব্র্যান্ডেই পরিণত হয়েছে ◆

## স্মার্ট টেকনোলজিস ও ভিয়েলাটেক্সের মধ্যে চুক্তি স্বাক্ষর

রিকো ফটোকপিয়ার এবং রিকো ই-জেড চার্জার সলিউশন ব্যবহার সুবিধা পেতে স্মার্ট টেকনোলজিস (বিডি) লি. এবং ভিয়েলাটেক্স গ্রুপ একটি চুক্তি স্বাক্ষর করেছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ভিয়েলাটেক্স গ্রুপের পক্ষে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের চেয়ারম্যান কেএম রেজাউল হাসানাত, ভাইস চেয়ারম্যান আহসান কবির খান, হেড অব আইএসএস রানা সোহেল এবং স্মার্ট টেকনোলজিসের পক্ষে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের চেয়ারম্যান মো: মাজহারুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক মো: জহিরুল ইসলাম, হেড অব করপোরেট সেলস শেখ হাসান ফাহিম, রিকো পণ্য ব্যবস্থাপক আসাদুজ্জামান আসাদ এবং দুই প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা। এ সময় স্মার্ট টেকনোলজিসের ব্যবস্থাপনা পরিচালক বলেন, রিকো একটি জাপানিজ প্রিন্টিং সলিউশন ব্র্যান্ড। ই-জেড চার্জার এমন একটি সলিউশন, যার মাধ্যমে যেকোনো প্রতিষ্ঠান খুব সহজে অতিরিক্ত ব্যবহার ও অপচয় নিয়ন্ত্রণ করতে পারবে। এর মাধ্যমে প্রতিষ্ঠানের প্রত্যেক সদস্য তাদের আইডি কার্ড ব্যবহার করে প্রিন্ট এবং ফটোকপি করতে পারবেন। অপরদিকে ভিয়েলাটেক্স গ্রুপের চেয়ারম্যান কেএম রেজাউল হাসানাত বলেন, আমরা শুধু প্রিন্টিং খরচ কমানোর উদ্দেশ্যে এ সলিউশন গ্রহণ করিনি। আমাদের অন্যতম প্রধান উদ্দেশ্য ই-জেড চার্জার ব্যবহারের মাধ্যমে পরিবেশ রক্ষা করা ◆

## শুরু হলো প্রযুক্তিবিষয়ক কুইজ প্রতিযোগিতা

শুরু হয়েছে টেকজুম২৪ ডটকম-অ্যাভিরা প্রযুক্তিবিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা। প্রতিযোগিতায় পাঁচটি প্রশ্নের উত্তর দিয়ে প্রতি সপ্তাহে একজন বিজয়ী পাবেন একটি 'অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৩' অ্যান্টিভাইরাস সফটওয়্যার। এতে অংশগ্রহণ করতে quiz.techzoom24.com সাইটে রেজিস্ট্রেশন করতে হবে। ফেসবুক বা ই-মেইল ব্যবহার করে রেজিস্ট্রেশন করা যাবে। একজন যত ইচ্ছে তত উত্তর দিতে পারবেন বলে জানিয়েছে আয়োজকেরা। একাধিক সঠিক উত্তরদাতা হলে তাদের মধ্য থেকে লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করা হবে। বিস্তারিত জানতে ভিজিট করুন : quiz.techzoom24.com ◆

## এফএম২ সকেটের এএমডি সিপিইউ ও এমএসআই ব্র্যান্ডের নতুন মাদারবোর্ড এনেছে ইউসিসি

সম্প্রতি এএমডি ব্র্যান্ডের এদেশের অন্যতম প্রধান বিপণনকারী প্রতিষ্ঠান ইউসিসি ৮ কোর সিরিজের সর্বশেষ সংযোজন এফএক্স-৮৩৫০ সিপিইউ বাজারজাত শুরু করেছে। ১৬ এমবি ক্যাশ এবং ১২৫ ওয়াটের এ প্রসেসরটি এএম৩+ সকেটের ব্ল্যাক এডিশন নামে পরিচিত, যার প্রসেসর স্পিড হচ্ছে ৪ গিগাহার্টজ। এর পাশাপাশি এফএম২ সকেটের ৪ কোরযুক্ত এ-১০ ৫৮০০ (প্রসেসর স্পিড হচ্ছে ৪ গিগাহার্টজ, ৪ এমবি ক্যাশ, ১০০ ওয়াট ক্ষমতা এবং সংযুক্ত গ্রাফিক্স এইচডি ৭৬৬০ডি) এবং ২ কোরযুক্ত এ-৪ ৫৩০০ (প্রসেসর স্পিড হচ্ছে ৩.৪/৩.৬ গিগাহার্টজ, ১ এমবি ক্যাশ, ৬৫ ওয়াট ক্ষমতা এবং সংযুক্ত গ্রাফিক্স এইচডি ৭৪৮০ডি) নামে আরও দুটি নতুন প্রসেসরও আমদানি করছে।



কমপিউটার ব্যবহারকারীদের অন্যতম একটি গ্রুপ হচ্ছে গেমার গ্রুপ। এএমডি ফ্ল্যাটফর্ম উপযোগী সেই গেমারদের জন্য পৃথিবীর অন্যতম বৃহৎ মাদারবোর্ড উৎপাদনকারী কোম্পানি এমএসআই তৈরি করেছে বেশ কিছু নতুন মডেলের মাদারবোর্ড। এএমডি ফ্ল্যাটফর্ম উপযোগী এমএসআই ব্র্যান্ডের এদেশের একমাত্র বিপণনকারী প্রতিষ্ঠান ইউসিসি সম্প্রতি তার অগ্রসরমান (গেমার) ক্রেতার কথা মাথায় রেখে এরূপ তিনটি মাদারবোর্ড বাজারে নিয়ে এসেছে। এফএম২ সকেটের এরূপ AMD A85X চিপসেটের একটি এবং AMD A75/A55 চিপসেটের দুটিসহ তিনটি মাদারবোর্ডের মডেল হচ্ছে FM2-A85XA-G65, FM2-A75MA-P33 এবং FM2-A55M-E33।

মিলিটারি ক্লাস থ্রি কম্পোনেন্টস সমৃদ্ধ প্রতিটি মডেলেই খুব উচ্চমানসম্পন্ন, যা সাপোর্ট করে USB 3.0 & SATA 6Gb/s। UEFI BIOS interface ব্যবহারোপযোগী প্রতিটি মাদারবোর্ড রয়েছে সুপার চার্জার সুবিধা। তিনটি মাদারবোর্ডই অটো ওসি থেকে বুস্ট পারফরম্যান্সে সময় নেয় মাত্র এক সেকেন্ড। এএমডি ফ্যান যারা আবার গেমপ্রিয় তাদের জন্য ইউসিসির আমদানি করা এমএসআইয়ের মাদারবোর্ড-গুলোতে রয়েছে সর্বশেষ প্রযুক্তির সমাহার। এ মাদারবোর্ডগুলো ইউসিসির যেকোনো শাখা অথবা ডিলার শপ থেকে পাওয়া যাবে। দাম এবং বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন ৮৮০-১৮৩৩৩১৬০১-১৭। এছাড়া বিস্তারিত পাবেন www.ucc-bd.com ঠিকানায় ◆

## তৃতীয়বারের মতো শুরু হয়েছে গুগল বিজ্ঞান মেলা

নতুন প্রতিভা খুঁজে বের করতে তৃতীয়বারের মতো গুগল আয়োজন করতে যাচ্ছে বিশ্বের বৃহত্তম অনলাইন বিজ্ঞান প্রতিযোগিতা গুগল সায়েন্স ফেয়ার। এ মেলায় অংশ নিতে বিশ্বের সব শিক্ষার্থীকে তাদের পরিকল্পনা জমা দিতে আহ্বান জানিয়েছে বিশ্বের শীর্ষ ইন্টারনেট সেবা প্রতিষ্ঠানটি। সহযোগী হিসেবে রয়েছে সার্ন, লেগো গ্রুপ, ন্যাশনাল জিওগ্রাফিক এবং সায়েন্টিফিক আমেরিকান।

প্রতিযোগিতায় ১৩-১৮ বছর বয়সী যেকেউ অংশগ্রহণ করতে পারবে। প্রয়োজন শুধু একটি প্রজেক্ট বা প্রকল্পের আইডিয়া এবং তার বৈজ্ঞানিক ভিত্তি। আগ্রহী সবাই এককভাবে অথবা দুই-তিনজনের দলে অংশগ্রহণ করতে পারে। প্রতিযোগিতার বিজয়ীদের জন্য থাকবে গুগলের পক্ষ থেকে ৫০ হাজার ডলারের শিক্ষাবৃত্তি, গ্যালাপাগোস




দ্বীপে ন্যাশনাল জিওগ্রাফিক এক্সপ্লোরারদের সাথে ১০ দিনের ভ্রমণ, এমনকি গুগলে ইন্টার্নশিপ পর্যন্ত।

আগামী এপ্রিল মাসে পরিকল্পনা জমা দেয়ার সময় শেষ হবে। শীর্ষ ফাইনালিস্টদের নিয়ে যাওয়া হবে ক্যালিফোর্নিয়ার মাউন্টেন ভিউতে অবস্থিত গুগলের কার্যালয়ে। ২৩ সেপ্টেম্বর চূড়ান্ত বিজয়ীর নাম ঘোষণা করা হবে। গুগলের বিজ্ঞান মেলা দলের সদস্য স্যাম পিটার বলেন, অনেক প্রথিতযশা বিজ্ঞানীরই মেধার স্ফুরণ ঘটেছিল তাদের কৈশোরে আর তাদের হাত ধরেই যুগান্তকারী সব আবিষ্কার হয়েছে, তারই সুফল এখন ভোগ করছি আমরা। বিস্তারিত জানতে এবং রেজিস্ট্রেশন করতে লগইন করতে হবে নিচের ঠিকানায় www.googlesciencefair.com/en/2013/ ◆

## বাংলা উইকিপিডিয়ার ব্যুরোক্র্যাট হলেন বেলায়েত হোসেন

ইন্টারনেটে বাংলা ভাষায় সবচেয়ে বড় বিশ্বকোষ বাংলা উইকিপিডিয়ার নতুন ব্যুরোক্র্যাট হিসেবে নির্বাচিত হয়েছেন ঢাকার বেলায়েত হোসেন। তিনি বাংলা উইকিপিডিয়ার তৃতীয় ব্যুরোক্র্যাট হিসেবে দায়িত্ব পালন করবেন। সম্প্রতি তিনি উইকিপিডিয়ার কারিগরি দিকের সর্বোচ্চ এ পদে নির্বাচিত হয়েছেন।




বেলায়েত হোসেন এ পর্যন্ত বাংলা উইকিপিডিয়ায় ২৪ হাজার সম্পাদনা করেছেন। তিনি বাংলা উইকিপিডিয়াতে কাজ শুরু করেন ২০০৬ সালে। ব্যুরোক্র্যাট হওয়ার আগে ২০০৬ সাল থেকে তিনি প্রশাসক হিসেবে কাজ করেন। বাংলা উইকিপিডিয়া ছাড়াও তিনি উইকিপিডিয়ার সহ-প্রকল্প উইকিসোর্সের (bn.wikisource.org) প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করছেন। এ ছাড়া তিনি উইকিকমনস (commons.wikimedia. org), ট্রান্সলেট উইকি (translatewiki.net) প্রকল্পের সাথেও জড়িত। দীর্ঘদিন ধরে বাংলা উইকিপিডিয়ার সাথে যুক্ত বেলায়েত হোসেন নিবন্ধ যোগ আর সম্পাদনার পাশাপাশি উইকিপিডিয়ার বার্ষিক সম্মেলন উইকিম্যানিয়াতে ২০০৭, ২০০৯ ও ২০১০ সালে যোগ দিয়েছেন। বিভিন্ন উইকিপিডিয়াতে অবদানের পাশাপাশি উইকিমিডিয়া কমনসে তার পাঁচ হাজারের বেশি ছবি প্রকাশ করেছেন। বাংলা উইকিপিডিয়ার ব্যুরোক্র্যাট বেলায়েত হোসেন বর্তমানে ঢাকার ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরে অধ্যয়নরত ◆

## আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেড Oracle, Java, RHCE, ASP .Net, CISA, PHP, Zend PHP 5.3, VM Ware & Certified Ethical Hacker কোর্সে ভর্তি চলছে। কোর্সগুলোতে অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## নতুন কেসিং বাজারে



কমপিউটার সিটি টেকনোলজিস লি. বাজারে নিয়ে এসেছে স্মার্ট, রুচিশীলদের জন্য ভ্যালুটপ ব্র্যান্ডের ভিটি-৩৩৮ মডেলের কেসিং। মানসম্পন্ন পাওয়ার সাপ্লাই, স্পেশাল পাওয়ার বাটন, ইউজার ফ্রেন্ডলি রিস্টার্ট বাটন, ডুয়াল ইউএসবি ও অডিও পোর্টসহ মাইক্রো এটিএক্স কেসিংটি কমপিউটার সিটি টেকনোলজিস লি.-এর সব শোরুমে পাওয়া যাচ্ছে। দাম ২ হাজার টাকা। যোগাযোগ : ৮৬৫০১৭৯-৮১, ৯৮৮৭৬৭৩, ০৩১-৭২১৭৩৩

## আসুসের ফেসবুক ক্যুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

সম্প্রতি গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেডের প্রধান কার্যালয়ে 'আসুস ট্রিভিয়া ফেসবুক ক্যুইজ প্রতিযোগিতা' বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেডের আয়োজনে পয়েন্টের ভিত্তিতে ২৫ জনকে



আসুসের পক্ষ বিভিন্ন উপহার দেয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন আসুস বাংলাদেশের চ্যানেল সেলস ম্যানেজার কাজী মেহেদী হাসান, আসুসের পণ্য ব্যবস্থাপক শফিকুল আলম সোহান, খন্দকার খালেদ বিন আহমেদ, গ্লোবাল ব্র্যান্ডের সহকারী মিডিয়া ব্যবস্থাপক মাহবুবুল আলম ও আসুস এক্সিকিউটিভ মাহমুদ করিম

## তৈরি হচ্ছে গুগলের নতুন সদর দফতর

প্রধান সার্চ ইঞ্জিন গুগল ২.৪ একর জায়গায় যুক্তরাজ্য এবং ইউরোপের জন্য প্রধান অফিস বানাচ্ছে। লন্ডনের অন্যতম বাণিজ্যিক এলাকা কিং ক্রস এবং এসটি প্যানক্রাস মধ্যবর্তী ২.৪ একর জায়গায় প্রতিষ্ঠা করা হচ্ছে এ প্রধান সদর দফতর। ১১ তলাবিশিষ্ট এই ভবনের নির্মাণকাজ শেষ হবে ২০১৬ সালে। নতুন এ অফিস প্রতিষ্ঠানের প্রাথমিক খরচ ধরা হয়েছে ১০০ কোটি ইউরো। বর্তমানে লন্ডনে দুটি অফিস প্রতিষ্ঠা করেছে। একটি ভিক্টোরিয়াতে। অন্যটি এসটি হাইস্কুল স্টিটে

## গিগাবাইট সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে গিগাবাইট মিট দ্য প্রেস ২০১৩। উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন গিগাবাইটের সেলস ডিরেক্টর অ্যালান চ্যান, এশিয়া প্যাসিফিক অঞ্চলের সেলস ইনচার্জ অ্যালান সু, স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেডের জেনারেল ম্যানেজার জাফর আহমেদ এবং গিগাবাইট বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার খাজা মো: আনাস খান। বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বাজার সম্পর্কে অ্যালান চ্যান বলেন, বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বাজার খুবই সম্ভাবনাময়। আমরা এই বাজারে আমাদের পণ্য ও সেবার মান আরও বাড়াতে দৃঢ়প্রতিজ্ঞ। গিগাবাইটের বাংলাদেশী পার্টনার প্রতিষ্ঠান স্মার্ট টেকনোলজিসের জেনারেল ম্যানেজার জাফর আহমেদ বলেন, গিগাবাইটের পণ্য পরিবেশন করে আমরা খুবই স্বাচ্ছন্দ্য বোধ করি। কারণ গিগাবাইটের পণ্যের মান এবং সেবা অন্য যেকোনো ব্র্যান্ডের তুলনায় অনেক ভালো। তাছাড়া বিক্রয়োত্তর সেবার প্রতি গিগাবাইটের পলিসি অনেক শক্তিশালী। বাংলাদেশের বাজারে যারা স্বল্প খরচে গুণগত মানের কমপিউটার কেনার কথা চিন্তা করেন তাদের জন্য গিগাবাইটের দুটি মডেলের থ্রি ইন ওয়ান প্যাকেজ উন্মুক্ত করা হয়। প্যাকেজগুলোর মডেল জিএ-ই৩৫০এন এবং ডি৪২৫টিইউডি। উভয় প্যাকেজেই রয়েছে একটি গিগাবাইট মাদারবোর্ড, একটি ডুয়ালকোর প্রসেসর এবং একটি গ্রাফিক্সকার্ড। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ প্যাকেজ দুটির দাম যথাক্রমে ৬৫০০ এবং ৬২০০ টাকা বলে জানান খাজা মো: আনাস খান। তিনি আরও




বলেন, এই প্যাকেজগুলোর মাধ্যমে মাত্র ১৫০০০ টাকার মধ্যে গুণগত মানের একটি এন্ট্রি লেভেল কমপিউটার কেনা যাবে। ফলে স্বল্প বাজেটের কারণে এখন আর ক্রেতাদের নিম্নমানের কমপিউটার পণ্য কিনতে হবে না। সংবাদ সম্মেলনে আগামী ১ থেকে ৬ মার্চ পর্যন্ত রাজধানীর আইডিবি ভবনে গিগাবাইট গেমিং প্রতিযোগিতা আয়োজনের ঘোষণা দেয়া হয়

## এক্সিকিউটিভদের জন্য 'ডেল ইন্সপায়রন এন৩৫২০'

বিশ্বখ্যাত ডেল ব্র্যান্ডের তৃতীয় প্রজন্মের নোটবুক 'ডেল ইন্সপায়রন এন৩৫২০'। করপোরেট এক্সিকিউটিভদের জন্য দেশের বাজারে কমপিউটার সোর্সের বাজারজাত করা নোটবুকটির রয়েছে ১৫.৬ ইঞ্চি প্রশস্ত পর্দা। ফলে নোটবুকটিতে এক্সেল বা ডাটা সিটের কাজ করার পাশাপাশি মুভি দেখা এবং গেম খেলাও যায় স্বাচ্ছন্দ্যে। ইন্টেল কোরআই থ্রি প্রসেসর (২.৪ গিগাহার্টজ) সমন্বিত নোটবুকটিতে রয়েছে ৪ জিবি ডিডিআরথ্রি র‌্যাম, এইচডি ৪০০০ গ্রাফিক্স এবং এইচডিএমআই পোর্ট। তাই নোটবুকটিত থাকা যেকোনো ভিডিও ডকুমেন্ট প্রজেক্টর কিংবা বড় টিভিতেও দেখা যাবে সমানতালে। নোটবুকটির তথ্য ধারণক্ষমতা ৫০০ জিবি। আর এ তথ্য দ্রুতগতিতে আদান প্রদানের জন্য ডেল ইন্সপায়রন এন৩৫২০ মডেলের নোটবুকে রয়েছে ব্লু-টুথ-৪। নোটবুকটির দাম ৪৬ হাজার ৭৫০ টাকা। নোটবুক সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করা যাবে computersourcebd.com অথবা ফোন করা যাবে ০১৭১৩৩৬৫২২৩ নম্বরে



## কণিকা মিনোল্টার অল-ইন-ওয়ান মনোক্রম লেজার প্রিন্টার

সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে এনেছে জাপানের কণিকা মিনোল্টা ব্র্যান্ডের পেজপ্রো ১৩৯০এমএফ মডেলের নতুন মনোক্রম লেজার মাল্টিফাংশনাল প্রিন্টার। অল-ইন-ওয়ান সুবিধার এ প্রিন্টারটি একাধারে প্রিন্টার, কপিয়ার, ফ্যাক্স এবং স্ক্যানার। এতে রয়েছে ২০ পিপিএম প্রিন্ট ও কপি স্পিড, ১২০০ ডিপিআই রেজ্যুলেশন, ৪৮ এমবি স্ট্যান্ডার্ড মেমরি, মাসে ১৫০০০ পৃষ্ঠা প্রিন্ট/কপি, ২৫০ শিট মাল্টি পারপাস ট্রে, ২৪ বিট কালার স্ক্যান, ৫০ পৃষ্ঠা অটো ডকুমেন্ট ফিডার এবং ডকুমেন্ট গ্লাস ব্যবহার করে সিঙ্গেল পেজ কপি বা স্ক্যান করা যায়। এর পাশাপাশি ডকুমেন্টকে ২৫ থেকে ৪০০ শতাংশ ছোট বা বড় করে কপি করা সম্ভব। ফ্যাক্সে রয়েছে ১২টি ওয়ান টাচ ও ১০০টি স্পিড ডায়াল সুবিধা, স্পিড ৩৩.৬ কেবিপিএস। ইউএসবি ২.০ ও নেটওয়ার্ক ইন্টারফেসের এই প্রিন্টারটির দাম ২৬,০০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩



## আসুসের ই-প্যাড ট্রান্সফরমার ট্যাবলেট পিসি



অ্যান্ড্রয়িড ফাংশন কী এবং কোয়ের্টি কীবোর্ডের সমন্বয়ে আলাদা ডকিং স্টেশনসমৃদ্ধ পূর্ণাঙ্গ ল্যাপটপ হিসেবে ব্যবহারযোগ্য আসুসের ই-প্যাড ট্রান্সফরমার টিএফ১০১জি মডেলের ট্যাবলেট পিসি এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। অ্যান্ড্রয়িড ৩.২ হানিকম্ব অপারেটিং সিস্টেমচালিত ট্যাবলেটটিতে রয়েছে তৃতীয় প্রজন্মের (থ্রিজি) মডেম, এনভিডিয়া টেগরা২ ডুয়াল কোর ১ গিগাহার্টজ প্রসেসর এবং ১ জিবি র‌্যামের এই পিসিটিতে রয়েছে আইপিএস প্যানেলের ১০.১ ইঞ্চির মাল্টিটাচ ডিসপ্লে ও ১৬ জিবি এসএসডি স্টোরেজ ডিভাইস। এছাড়া এনভিডিয়া গ্রাফিক্স, স্টেরিও স্পিকার, ডুয়াল ওয়েবক্যাম, ২টি ইউএসবি ২.০ পোর্ট রয়েছে। দাম ৪৬ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৫

## পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল বই

ওয়েব অ্যাপ্লিকেশন তৈরিতে সবচেয়ে ব্যবহৃত প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ পিএইচপি। পিএইচপি ব্যবহার করে খুব সহজেই ডায়নামিক ওয়েবসাইট ও ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি করা সম্ভব। ফলে ফ্রিল্যান্সিং মার্কেটপ্লেসে একজন পিএইচপি প্রোগ্রামারের ব্যাপক চাহিদা রয়েছে। পিএইচপি প্রোগ্রামিংয়ের নানা বিষয় সহজভাবে শেখাতে প্রকাশিত হয়েছে সম্পূর্ণ বাংলায় 'পিএইচপি অ্যান্ড মাই এসকিউএল' বই। এই বইয়ে ব্যবহারিক প্রজেক্টের মাধ্যমে পিএইচপি এবং এর সংশ্লিষ্ট এসকিউএল ও মাই এসকিউএল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এছাড়া ওয়েবসাইটের ডাটাবেজ ম্যানেজমেন্টও দেখানো হয়েছে। বইটির বিভিন্ন অংশ ডাউনলোড করা যাবে www.bookbd.info ওয়েবসাইট থেকে। বইটি লিখেছেন মো. মিজানুর রহমান এবং প্রকাশ করেছে জ্ঞানকোষ প্রকাশনী

## স্যামসাংয়ের ২৭ ইঞ্চি থ্রিডি মনিটর



স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড বাজারে এনেছে স্যামসাং এস২৭এ৯৫০ডি মডেলের ত্রিমাত্রিক মনিটর। মালয়েশিয়ায় প্রস্তুতকৃত সম্পূর্ণ হাই ডেফিনিশন এই মনিটরের রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০। থ্রিডি গ্লাসসহ মনিটরটির দাম ৬৪ হাজার টাকা। বিক্রয়োত্তর সেবা ৩ বছর। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৯২

## রংপুরে গ্লোবাল ব্র্যান্ডের নতুন শোরুমের যাত্রা শুরু

রংপুর জেলায় আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেডের নতুন শোরুম। রংপুরের স্টেশন রোডের শ্যালো মার্কেটে মৌরুসী ভ্যালীর দ্বিতীয় তলার



শোরুমটির উদ্বোধন করেন গ্লোবাল ব্র্যান্ডের প্রশাসনিক ব্যবস্থাপক সেলিম উল্ল্যা এবং চ্যানেল বিক্রয় ব্যবস্থাপক হারুন-উর রশিদ মিথুন। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৫১

## সিলেটে ইউসিসি আয়োজিত এমএসআই ব্র্যান্ডের ডিলারমিট অনুষ্ঠিত

গত ১০ জানুয়ারি সিলেটের হোটেল স্টার প্যাসিফিকের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়ে গেল ইউসিসি আয়োজিত এমএসআই ব্র্যান্ডের সিলেট অঞ্চলের বার্ষিক ডিলারমিট 'এমএসআই পার্টনারমিট সিলেট ২০১৩'। সিলেটের প্রথমসারির প্রায় চল্লিশজন ব্যবসায়ীর উপস্থিতিতে এএমডি প্লাটফর্মের এমএসআই ব্র্যান্ডের মাদারবোর্ডের এদেশের একমাত্র পরিবেশক ইউসিসির আয়োজনে এ ডিলারমিট অনুষ্ঠানে পণ্যটির নানা দিক তুলে ধরেন ইউসিসির সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন অ্যান্ড অ্যাডমিন) আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু এবং সহকারী মহাব্যবস্থাপক (করপোরেট সেলস) আনোয়ার আহমেদ। অনুষ্ঠানে আনোয়ার আহমেদ ইউসিসির আমদানি করা এএমডি প্লাটফর্মের এমএসআই ব্র্যান্ডের মাদারবোর্ডের বিভিন্ন মডেলের



গুণগতমান এবং পাশাপাশি এর সাথে আমদানি করা এএমডি প্রসেসরের বিভিন্ন মডেল নিয়ে বিস্তারিত একটি পরিবেশনা তুলে ধরেন।

অনুষ্ঠানটির সঞ্চালকের দায়িত্বে থাকা কোম্পানির সহকারী মহাব্যবস্থাপক আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু অনুষ্ঠানের শুরুতে শীতের রাতে শত কর্মব্যস্ততা এবং মেলার দায়িত্বে থাকা শর্তেও শতভাগ পার্টনারের উপস্থিতির প্রশংসা করেন। তিনি এমএসআই পার্টনারমিট সিলেট ২০১৩ নামে একটি সফল ডিলারমিট আয়োজনে সিলেটের এমএসআইয়ের ডিলারদের ধন্যবাদ জানান। এছাড়া তিনি এরূপ একটি অনুষ্ঠান করতে যাদের খুব কাছ থেকে পেয়েছেন তাদের মধ্যে অন্যতম প্রধান কমপিউটার গ্লোরির স্বত্বাধিকারী এবং বাংলাদেশ কমপিউটার সমিতির সিলেট অঞ্চলের সভাপতি এনামুল কুদ্দুস চৌধুরী এবং জিনিয়াস টেকনোলজির মালিক এএসএম জি কিবরিয়ার ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ কমপিউটার সমিতির সিলেট অঞ্চলের সাধারণ সম্পাদক, বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১৩-এর প্রধান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং কমপিউটার অ্যান্ড ইঞ্জিনিয়ারসের স্বত্বাধিকারী মোহাম্মাদ জয়নুল আক্তার চৌধুরী। তিনি সিলেটের আইটি ব্যবসায় প্রসারে ইউসিসির অবদানের জন্য ধন্যবাদ জানান এবং ইউসিসি আগামীতে এ জাতীয় ডিলারমিট আরও বড় আকারে করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া অনুষ্ঠানে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মিলেনিয়াম কমপিউটারের স্বত্বাধিকারী হেলাল উদ্দিন। তিনি ইউসিসির সাথে ব্যবসায় করে দ্রুত পণ্য পাওয়া এবং ভালো মানের বিক্রয়োত্তর সেবা পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

বিভিন্ন কোম্পানির এমএসআইয়ের ডিলাররা ছাড়া উপস্থিত ছিলেন ইউসিসির সিনিয়র কর্মকর্তা উত্তরা ব্রাঞ্চের ম্যানেজার এম. এ. রুবেস, এ.কে.এম. ফাহিম উদ্দিন (সহকারী ম্যানেজার, চ্যানেল সেলস), মো: জুবায়ের হোসেন (সহকারী ম্যানেজার, চ্যানেল সেলস) এবং নিয়ামত হাসান নিমু (সিনিয়র কর্মকর্তা, করপোরেট সেলস)

## ক্ষিপ্রগতির পেনড্রাইভ কোরসায়ার



ক্ষিপ্রগতির ডাটা আদান-প্রদানে সক্ষম ইউএসবি থ্রি সমর্থিত পেনড্রাইভ কোরসায়ার। ব্র্যান্ডটির সারভাইভার সিরিজের ৮, ১৬ ও ৩২ জিবি ধারণক্ষমতার পেনড্রাইভগুলো দেশের বাজারে এনেছে কমপিউটার সোর্স। পেনড্রাইভটির ডাটা ট্রান্সমিশন গতি ইউএসবি ২.০-এর থেকে চারগুণ বেশি। এয়ারক্রাফট নির্মাণে ব্যবহৃত অ্যালুমিনিয়ামের তৈরি কোরসায়ার ব্র্যান্ডের পেনড্রাইভ তিনটির অনন্য বৈশিষ্ট্য হচ্ছে ওয়াটারপ্রুফ সক্ষমতা। তিনটি পেনড্রাইভেরই রয়েছে প্রোডাক্ট লাইফটাইম ওয়ারেন্টি। এর ৮ জিবির দাম ৮০০ টাকা, ১৬ জিবির দাম ১,২০০ টাকা এবং ৩২ জিবির দাম ২,০০০ টাকা

## চিলড্রেন ভয়েসের বর্ষপূর্তিতে বিশেষ আয়োজন

পঞ্চম বর্ষে পদার্পণ করেছে অনলাইন শিশু পত্রিকা চিলড্রেন ভয়েস ডট কম (www.childrenvoice.com)। এ উপলক্ষে নতুনভাবে সাজানো হয়েছে এই ওয়েবসাইট। শিশু বিষয়ক বিভিন্ন সংবাদ ছাড়াও এ সাইটে রয়েছে গল্প, কবিতা, ফিচার, চলচ্চিত্র ও বই রিভিউসহ মজার সব আয়োজন

## এএমডি ফেনম সিরিজের নতুন প্রসেসর বাজারে



স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড বাজারে এনেছে এএমডি ব্র্যান্ডের ফেনম টু এক্স৬ ১০৫৫টি মডেলের প্রসেসর। ২.৮০ গিগাহার্টজের এই প্রসেসরে রয়েছে ৩ মেগাবাইট এল২ ক্যাশ মেমরি, ৬ মেগাবাইট এল৩ ক্যাশ মেমরি এবং ৪০০০ মেগাহার্টজ এফএসবি। প্রসেসরটি ৯৫ ওয়াট ইলেকট্রিসিটি কনজ্যুম করে থাকে। ৩ বছরের বিক্রয়োত্তর সেবাসহ প্রসেসরটির দাম ১১,৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮

## গেমারদের জন্য আসুসের হাইএন্ড গ্রাফিক্স কার্ড



গেমারদের জন্য আসুসের জিটিএক্স৬৫০-ডিসি-১জিডি৫ মডেলের নতুন গ্রাফিক্স কার্ড এনেছে গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড। পিসিআই এক্সপ্রেস ৩.০ বাস স্ট্যান্ডার্ডের এই গ্রাফিক্স কার্ডে গ্রাফিক্স ইঞ্জিন এনভিডিয়া জিফোর্স জিটিএক্স৬৫০ চিপসেট ছাড়া ২৫৬০ বাই ১৬০০ পিক্সেলের ১ জিবি জিডিডিআর-৫ ভিডিও মেমরি রয়েছে। ঠাণ্ডা ও শব্দহীন এবং দীর্ঘস্থায়ী ব্যবহারযোগ্য ১২৮ বিট মেমরি ইন্টারফেসের কার্ডটির সাথে মনিটর বা টিভির সংযোগ দিতে রয়েছে ১টি ডিভিআই আউটপুট, ১টি এইচডিএমআই আউটপুট এবং ১টি ডি-সাব আউটপুট ইন্টারফেস। দাম ১৪,৩০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮, ৯১৮৩২৯১

## নতুন বছরে এইচপির এক্সচেঞ্জ অফার



দেশে প্রযুক্তিবাজারে পুরনোকে বিদায় জানিয়ে নতুনকে আবাহনের রীতি যুক্ত করল কমপিউটার সোর্স। নতুন বছরে পুরনো সচল বা অচল যেকোনো ব্র্যান্ডের ল্যাপটপ কিংবা ডেস্কটপ পিসি বদল করে এইচপি কম্প্যাক ব্র্যান্ডের সম্পূর্ণ নতুন ল্যাপটপ কেনার সুযোগ করে দিয়েছে প্রতিষ্ঠানটি। প্রান্তিক ভোক্তা ছাড়াও করপোরেট, ব্যাংক, সরকারি বা বেসরকারি অফিস, গ্রুপ অব কোম্পানির পুরনো বা নষ্ট পিসিও এই অফারের অন্তর্ভুক্ত। অফার অনুযায়ী ২১ হাজার ৯৯৯ টাকার বিনিময়ে স্টক থাকা পর্যন্ত এ অফার গ্রহণ করা যাবে। ডেস্কটপ পিসির ক্ষেত্রে মনিটর, কিবোর্ড, মাউসসম্পন্ন সিপিইউ-কে একটি পিসি হিসেবে বিবেচনা করা হবে।

প্রযুক্তিবর্জমুক্ত দেশ গড়ার প্রত্যয়ে কমপিউটার সোর্সের পক্ষ থেকে 'পুরনো বদলে নতুন নিন' অফারে জমা পড়া অচল পিসি নিয়ম অনুযায়ী বিনষ্ট করা হবে এবং সচল কমপিউটারগুলো বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ করা হবে। বিনামূল্যে এসব পিসি পেতে info@computersourcebd.com ঠিকানায় আবেদন করতে হবে

## সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) সার্টিফিকেশন কোর্সে ভর্তি

বর্তমান চাকরির বাজারের সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম অডিটরের (সিসা) কাজের চাহিদার ভিত্তিতে আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেড সিসা কোর্সে বিশেষ ছাড়ে ভর্তি চলছে। ফেব্রুয়ারি ২০১৩ সেশনে সিসা কোর্সে ভর্তি চলছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বিশ্বের সবচেয়ে হালকা ওজনের তোশিবা আল্ট্রাবুক বাজারে



স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড বাজারে এনেছে তোশিবা ব্র্যান্ডের পোর্টিজি জেড৯৩০-২০২৬ মডেলের সর্বাধুনিক আল্ট্রাবুক। কোর আই ৭ প্রসেসরসম্পন্ন এই ল্যাপটপে রয়েছে ৬ গিগাবাইট র‍্যাম, ২৫৬ গিগাবাইট সলিড স্ট্রেট ড্রাইভ, অরিজিনাল উইন্ডোজ, ইন্টেল এইচডি গ্রাফিক্স কার্ড, ১৩.৩ ইঞ্চি এলইডি ডিসপ্লে এবং ৮ সেল ব্যাটারি। মাত্র ১.১২ কেজি ওজনের ল্যাপটপে ৮ ঘণ্টা পাওয়ার ব্যাকআপ পাওয়া যাবে। যোগাযোগ : ০১৭৫৫৬০৬৩১৯

## ক্রস ব্র্যান্ডের ইউএসবি হাব

সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে ক্রস ব্র্যান্ডের ইউএসবি হাব। অত্যাধুনিক এই হাবটিতে রয়েছে ৪টি ইউএসবি পোর্ট। এতে দ্রুত এবং অনায়াসে ফ্ল্যাশ স্টোরেজ ডিভাইস, ডিজিটাল ক্যামেরা, এমপিথ্রি প্লেয়ার, ইউএসবি মাউস প্রভৃতি সংযোগ দিয়ে কমপিউটারের একটি মাত্র ইউএসবি পোর্টে সংযোগ দিয়ে ব্যবহার করা যায়। দাম ৩০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## অনলাইনে আয়ের দিকনির্দেশনা নিয়ে বই

ইন্টারনেটে আয় তথা আউটসোর্সিং বর্তমানে বহুল আলোচিত বিষয়। আউটসোর্সিংয়ের মাধ্যমে বিশাল কর্মসংস্থানের সুযোগ থাকলেও সঠিক দিকনির্দেশনার অভাবে অনেকেই কাজ করতে ব্যর্থ হচ্ছেন। তাদের জন্যই আউটসোর্সিং বা অনলাইনে আয়ের সঠিক দিকনির্দেশনা নিয়ে প্রকাশিত হয়েছে 'ইন্টারনেটে আত্মকর্মসংস্থান' শীর্ষক বই। বইটিতে ওডেস্ক, ফ্রিল্যান্সার, অ্যাডসেন্স, মাইক্রোজবস, ডাটা এন্ট্রি, অ্যাফিলিয়েট মার্কেটিং, এসইও, পেয়জাসহ ইন্টানেটে আয়ের বিভিন্ন কৌশল সম্পর্কে আলোচনা করা হয়েছে।

বইটির সবচেয়ে বড় বিষয়, এতে যেসব কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে এর সবই ফ্রি। এছাড়া বইয়ের প্রতিটি বিষয় সহজে বোঝানোর জন্য ভিডিও টিউটরিয়াল রয়েছে। বইটি লিখেছেন মো: মিজানুর রহমান। প্রকাশ করেছে জ্ঞানকোষ প্রকাশনী

## নতুন হেভিট হেডফোন



কমপিউটার সিটি টেকনোলজিস লিমিটেড বাজারে নিয়ে এলো বিশ্ববিখ্যাত হেভিট ব্র্যান্ডের এইচ৬১১ডি মডেলের হেডফোন। ব্যবহারে আরামদায়ক ও নিখুঁত শব্দের হেডফোনটিতে আছে ৪০এমএম স্পিকার, ১১৫ডিবি সেনসিটিভিটি, ২০ হার্টজ টু ২০ কিলোহার্টজ ফ্রিকোয়েন্সি রেসপন্স, ৩.৫এমএম ফ্লাগ টাইপ, ৬x৫এমএম মাইক্রোফোনসহ আনুমানিক ২.২ মিটার ক্যাবল ইত্যাদি। দাম ৮০০ টাকা। যোগাযোগ : ৮৬৫০১৭৯-৮০

## জেটওয়ে ব্র্যান্ডের আই৪১এম মডেলের মাদারবোর্ড



সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে বিশ্বখ্যাত জেটওয়ে ব্র্যান্ডের আই৪১এম মডেলের নতুন মাদারবোর্ড। এলজিএ ৭৭৫ সকেটের এই মাদারবোর্ডটি ইন্টেল কোর টু ডুয়ো, কোর টু কোয়াড, সেলেরন, পেন্টিয়াম ডি প্রসেসর সাপোর্ট করে। ইন্টেল জি৪১ এক্সপ্রেস চিপসেট এবং আইসিএইচ৭ চিপসেটের এই মাদারবোর্ডটির মাধ্যমে উপভোগ করা যাবে দুর্দান্ত পারফরম্যান্স সমৃদ্ধ মাল্টিমিডিয়া। মাইক্রো এটিএক্স ফর্ম ফ্যাক্টর সমৃদ্ধ এই মাদারবোর্ডটির অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ইন্টেল গ্রাফিক্স মিডিয়া এক্সেলেটর এক্স৪৫০০, ডুয়াল চ্যানেল ডিডিআর-৩ র‍্যাম যা সর্বোচ্চ ৮ জিবি পর্যন্ত সাপোর্টেড, ১০/১০০এম ল্যান, ৪টি সাটা-২ পোর্ট (৩জিবি/সে), ৮টি ইউএসবি ২.০ পোর্ট, ১টি ৩২ বিট পিসিআই স্লট, ১টি পিসিআই এক্সপ্রেস এক্স১৬ স্লট, ৬ চ্যানেল এইচডি অডিও প্ভৃতি। ২ বছরের ওয়ারেন্টিসহ মাদারবোর্ডটির দাম ৪,০০০ টাকা। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## আসুসের এইচ৭৭ চিপসেটের নতুন মাদারবোর্ড



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড এনেছে আসুসের পি৮এইচ৭৭-ভি এলই মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল এইচ৭৭ চিপসেটের ও ডিজিটাল পাওয়ার ডিজাইনের মাদারবোর্ডটি ইন্টেল এলজিএ১১৫৫ সকেটের ৩য় এবং ২য় প্রজন্মের কোরআই প্রসেসরগুলো সমর্থন করে। এতে ১৬৯৬ মেগাবাইট ভিডিও মেমরির বিল্ট-ইন গ্রাফিক্স, এএমডি কোয়াড-জিপিইউ ক্রসফায়ারএক্স প্রযুক্তির পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট রয়েছে। এছাড়া ৮ চ্যানেল এইচডি অডিও, গিগাবিট ল্যান, ৪টি ইউএসবি ৩.০ পোর্ট, সর্বোচ্চ ৩২ জিবি ডিডিআর ৩ র‍্যাম সাপোর্ট করে। দাম ১১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮, ৯১৮৩২৯১

## ডিলাক্স ব্র্যান্ডের কম্বো ওয়্যারলেস কীবোর্ড-মাউস বাজারে

স্মার্ট টেকনোলজিস (বিডি) লি. বাজারে এনেছে ডিলাক্স ব্র্যান্ডের ৩১০০জি এবং এম১০২জিবি মডেলের ওয়্যারলেস কম্বো কীবোর্ড ও মাউস। কম্বো প্যাকেজের আওতায় একই সাথে



ক্রেতারা পাবেন ওয়্যারলেস কীবোর্ড, মাউস এবং ব্লুটুথ ডিভাইস। কম্বো ব্লুটুথের বিশেষত্ব হচ্ছে, এই ব্লুটুথ ডিভাইসের মাধ্যমে কীবোর্ড এবং মাউস উভয়কেই একসাথে সংযুক্ত করা যায়। দাম ১,৪৮০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৯

## আসুসের এ সিরিজের নতুন ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড দেশের বাজারে এনেছে আসুসের এ সিরিজের এ৪৪এইচ-বি৯৭০ মডেলের নতুন ল্যাপটপ। ২.৩ গিগাহার্টজ গতির ইন্টেল ডুয়াল কোর প্রসেসরের এই ল্যাপটপে ২ জিবি র‌্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ১৪ ইঞ্চির ডিসপ্লে, গিগাবিট ল্যান, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ, মেমরি কার্ড রিডার রয়েছে। বিদ্যুৎসাশ্রয়ী পাওয়ার ৪ গিয়ার এবং দীর্ঘক্ষণ স্বাচ্ছন্দ্যে টাইপিং প্রযুক্তির পাশাপাশি অ্যালটেক ল্যান্সিং থ্রিডি স্পিকার, এইচডি অডিও, মাইক্রোফোন, সুপার মাল্টি ডিভিডি রাইটার, ৩টি ইউএসবি ২.০ পোর্ট, এইচডিএমআই এবং ভিজিএ পোর্ট রয়েছে। দাম ৩৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২, ৯১৮৩২৯১

## মধ্যবিত্তের লাইফবুক ফুজিৎসু এলএইচ৫৩২



মধ্যবিত্তের জন্য তৃতীয় প্রজন্মের লাইফবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। জাপানি ফুজিৎসু ব্র্যান্ডের লাইফবুকটিতে রয়েছে ২.৪ গিগাহার্টজ গতির কোর আই থ্রি ৩১১০এম মডেলের ইন্টেল প্রসেসর। অপেক্ষাকৃত হালকা ও পাতলা অবয়বের ৫০০ জিবি ধারণক্ষমতার হার্ডডিস্ক সম্পন্ন লাইফবুকটিতে আছে ২ জিবি র‌্যাম, ইন্টেল এইচডি ৪০০০ গ্রাফিক্স, ডুয়াল লেয়ার ডিভিডি রাইটার ও এইচডি ক্যাম। তারহীন নেটওয়ার্ক সংযোগ-সুবিধা নিশ্চিত করতে রয়েছে ওয়াইফাই ও ব্লু-টুথ ৪.০ টেকনোলজি। এছাড়া ল্যানপোর্ট থাকায় নিজস্ব নেটওয়ার্ক তৈরি যেমন সহজ, তেমনি এইচডি এমআই পোর্ট থাকায় ল্যাপটপে থাকা যেকোনো গ্রাফিক্যাল ডকুমেন্ট বা ভিডিও বড় পর্দায় প্রদর্শন করা যায়। লাইফবুকটি একবার চার্জে অন্তত সাড়ে ৪ ঘণ্টা ব্যাকআপ দিতে সক্ষম। লাল, কালো এবং হালকা বেগুনি রঙের ফুজিৎসু এলএইচ৫৩২ মডেলের লাইফবুকটির দাম ৪৭ হাজার ৫০০ টাকা

## ব্রাদারের ডুপ্লেক্স ফিচারের ওয়্যারলেস মনোক্রম লেজার প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে ব্রাদারের এইচএল-৬১৮০ডিডব্লিউ মডেলের মনোক্রম লেজার প্রিন্টার। ইউএসবি ২.০ ইন্টারফেসের এই প্রিন্টারে ডুপ্লেক্স ফিচার থাকায় স্বয়ংক্রিয়ভাবে ডকুমেন্টের উভয় পাশে প্রিন্ট হয়। এটি ৪০ পিপিএম গতিতে ১২০০ বাই ১২০০ ডিপিআই প্রিন্ট করতে পারে। এতে ১২৮ মেগাবাইট মেমরি ও ৫৫০ শিট পেপার ইনপুট ট্রে, নেটওয়ার্কিংয়ের মাধ্যমে প্রিন্টারটি শেয়ার করার জন্য গিগাবিট ইথারনেট এবং ওয়্যারলেস ল্যান রয়েছে। প্রিন্টারটিতে এয়ারপ্রিন্ট, গুগল ক্লাউড প্রিন্ট, ওয়াই-ফাই ডিরেক্ট প্রভৃতি ফিচার থাকায় মোবাইল ডিভাইস থেকেও প্রিন্ট দেয়া সম্ভব। দাম ৩৪,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩২৯, ৯১৮৩২৯১

## অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৩ বাজারে



জার্মানির তৈরি অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৩ বাজারে ছেড়েছে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। এতে ব্রাউজার ট্র্যাকিং ব্লকার, ক্লাউড প্রটেকশন, ওয়েবসাইট সেফটি অ্যাডভাইজার, অ্যাডভান্সড অ্যান্টিফিশিং, অ্যান্ড্রয়িড সিকিউরিটি এবং সোশ্যাল নেটওয়ার্ক প্রজেক্ট যুক্ত হয়েছে। এছাড়া রয়েছে রিয়েল টাইম প্রটেকশন, অ্যান্টিঅ্যাড/স্পাইওয়্যার প্রটেকশন, নিউ নেটওয়ার্ক ড্রাইভ ডিটেকশন, রুটকিট প্রটেকশন, আচরণ দেখে অজ্ঞাত ভাইরাস ডিটেকশন, অ্যান্টিবুট এবং ডাটা ব্যাকআপ সুবিধা। দাম ১,০৯৯ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২৫

## রানডিস্ক ব্র্যান্ডের পেনড্রাইভ



সেফ আইটি সার্ভিসেস লি. বাজারে নিয়ে এসেছে কোরিয়ার বিশ্বখ্যাত রানডিস্ক ব্র্যান্ডের ৮ জিবি এবং ১৬ জিবি মেমরির পেনড্রাইভ। হালকা-পাতলা ঘরানার আকর্ষণীয় স্টাইলের এই পেনড্রাইভে পাওয়া যাবে দ্রুতগতির ডাটা ট্রান্সফার সুবিধা। এটি মজবুত, পরিবেশবান্ধব ও উচ্চমাত্রার সহ্যক্ষমতাসম্পন্ন যা আঘাত, ধুলাবালি ও পানির ছিটে থেকে ড্রাইভটিকে রক্ষা করে। ইউএসবি ২.০ ইন্টারফেসের এই পেনড্রাইভ উইন্ডোজ, ম্যাক এবং লিনআক্স অপারেটিং সিস্টেমের প্রায় সব ভার্সন সমর্থন করে। রানডিস্ক ব্র্যান্ডের প্লাগ-অ্যান্ড-প্লে সুবিধার ৮ জিবি এবং ১৬ জিবি পেনড্রাইভের দাম পড়বে যথাক্রমে ৫০০ এবং ৯০০ টাকা। পেনড্রাইভগুলোতে প্রোডাক্ট লাইফটাইম ওয়ারেন্টি রয়েছে। যোগাযোগ : ০১৮১৭১৪৯৩০৫, ৯৬৬৯৫৭৩

## রাজপুণ্যাহে কমপিউটার সোর্স

পাহাড়ি জনগোষ্ঠীর মধ্যে তথ্যপ্রযুক্তির আলো ছড়িয়ে দিতে বোমাং রাজপুণ্যাহে অংশ নিয়েছে কমপিউটার সোর্স। গত ৩ জানুয়ারি বান্দরবান রাজার মাঠে শুরু হওয়া পাঁচ দিনের এই ঐতিহ্যবাহী উৎসবে প্রযুক্তির প্রতি দারুণ আগ্রহ ছিল স্থানীয়দের। মেলায় ফুজিৎসু, ডেল, এইচপি




ব্র্যান্ডের হালনাগাদ ল্যাপটপ, লজিটেক, মাইক্রোল্যাব ব্র্যান্ডের হোমথিয়েটার, স্পিকার ছাড়াও বিভিন্ন কমপিউটার অ্যাক্সেসরিজ প্রদর্শনীতে প্রতিদিনই ভিড় করেন মেলায় আসা দর্শনার্থীরা। প্রসঙ্গত, দ্বিতীয়বারের মতো দেশের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি পণ্য ও সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে একমাত্র কমপিউটার সোর্সই নিয়মিত এ মেলায় অংশগ্রহণ করে

## এলজি ১৭ ইঞ্চির স্কয়ার প্যানেল মনিটর এখন বাংলাদেশে



গ্লোবাল ব্র্যান্ড প্রাইভেট লিমিটেড এল১৭৪২এসই মডেলের স্কয়ার প্যানেলের ১৭ ইঞ্চির নতুন এলসিডি মনিটর এনেছে। এর কন্ট্রাস্ট রেশিও ৮০০০:১, রেজ্যুলেশন ১২৮০ বাই ১০২৪, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, ভিউয়িং অ্যাঙ্গেল ১৫০ ডিগ্রি। উন্নত ব্রাইটনেস ও কন্ট্রাস্ট ছবি দেখার জন্য ফ্ল্যাটরন এফ ইঞ্জিন প্রযুক্তি রয়েছে যা, চোখের জন্য অত্যন্ত আরামদায়ক। ৩ বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৮,৮০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২, ৯১৮৩২৯১

## মাইক্রোনেটের ১১এন ওয়্যারলেস ল্যান ব্রডব্যান্ড রাউটার



গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড বাজারে এনেছে মাইক্রোনেট ব্র্যান্ডের এসপি৯১৬এনএল মডেলের ১১এন ওয়্যারলেস ল্যান ব্রডব্যান্ড রাউটার। ওয়্যারলেস স্ট্যান্ডার্ড সমর্থিত এই রাউটারে একটি ১০/১০০এমবিপিএস ইউটিপি ওয়্যান পোর্ট, চারটি ১০/১০০এমবিপিএস ইউটিপি ল্যান পোর্ট রয়েছে। এর সর্বোচ্চ ডাটা ট্রান্সফার রেট ১৫০এমবিপিএস, ফ্রিকোয়েন্সি ব্যান্ড ২.৪-২.৫ গিগাহার্টজ এবং এটি একটি ট্রান্সিভার-একটি রিসিভার ব্যবহারে মাল্টি-ইন মাল্টি-আউট টেকনোলজি সাপোর্ট করে। এছাড়া ডিএমজেড, ভার্চুয়াল সার্ভার, ডিএইচসিপি সার্ভার/ক্লায়েন্ট সুবিধা রয়েছে। দাম ৩,৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩, ৯১৮৩২৯১

## দেশের বাজারে ফুজিৎসু ট্যাব

লাইফবুকের পাশাপাশি এবার ট্যাবলেট পিসি উদ্ভাবন করেছে জাপানি ব্র্যান্ড ফুজিৎসু। থ্রিজি সাপোর্টেড অপূর্ব শৈলীর ফুজিৎসু এম৫৩২ মডেলের ১০.১ ইঞ্চি প্রশস্ত স্পর্শ পর্দার ট্যাবটি দেশের বাজারে এনেছে শীর্ষ তথ্য প্রযুক্তিপণ্য ও সেবাদাতা প্রতিষ্ঠান কমপিউটার সোর্স। অ্যান্ড্রয়িড ৪.০ (আইসক্রিম স্যান্ডউইচ) অপারেটিং সিস্টেম চালিত ট্যাবটিতে আছে কোয়াড কোর প্রসেসর (১.৪ গিগাহার্টজ), ২ মেগাপিক্সেল ফ্রন্ট সাইড ও ৮ মেগাপিক্সেল ব্যাকসাইড ক্যামেরাসহ ট্যাবলেট পিসির সর্বাধুনিক সুবিধা। রয়েছে এইচডিএমআই, ব্লু-টুথ, ইউএসবি২.০ পোর্ট । বান্ডেল সফটওয়্যার হিসেবে ট্যাবটির সাথে আছে গুগল ম্যাপস, গুগল মেইল, গুগল সার্চ, অ্যান্ড্রয়িড ব্রাউজার, অ্যান্ড্রয়িড মার্কেট ও থ্রিঙ্ক ফ্রি অফিস মোবাইল অ্যাপস। আল্ট্রা স্লিম (২৫.৭ সেমি) এই ট্যাবটির ওজন ৫৬০ গ্রাম। অন্তত সাড়ে আট ঘণ্টা ব্যাকআপ সুবিধার ফুজিৎসু এম৫৩২ মডেলের ট্যাবটির দাম ৬০ হাজার ৫০০ টাকা। এক বছরের বিক্রয়োত্তর সেবা ছাড়াও ট্যাবটির সাথে ফুজিৎসুর আকর্ষণীয় একটি স্লিভ কেস দিচ্ছে দেশে এর একমাত্র পরিবেশক কমপিউটার সোর্স। বিস্তারিত জানতে ভিজিট করুন অথবা ফোন করুন ০১৭৩০ ৩৪১ ৫১৫ নম্বরে

## জাতীয় রোভাম মুড ও কমডেকা সম্মেলনে কমপিউটার সোর্স

নতুন প্রজন্মের মধ্যে তৃতীয় প্রজন্মের কমপিউটিং প্রযুক্তিজ্ঞান ছড়িয়ে দিতে দশম জাতীয় রোভার মুড ও পঞ্চম কমডেকা সম্মেলনে যোগ দিয়েছে দেশের শীর্ষ প্রযুক্তিপণ্য ও সেবাদানকারী প্রতিষ্ঠান কমপিউটার সোর্স। পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার ময়নামতির চরে গত ৩০ জানুয়ারি থেকে শুরু হয়ে স্কাউটদের জাতীয় এ সম্মেলন চলে টানা পাঁচ দিন।

সম্মেলন কেন্দ্রের কেন্দ্রীয় প্রদর্শনী পল্লীতে (জিডিভি) ‘তৃতীয় প্রজন্মের কমপিউটিং’ বিষয়ে বিশেষ সেমিনারের আয়োজন করে কমপিউটার সোর্স। প্রতিদিন সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত চারবার অনুষ্ঠিত হয় এ সেমিনার।

আবাসিক সম্মেলনে যোগ দিয়েও অংশগ্রহণকারী সাত হাজার স্কাউটের ইন্টারনেট সেবা নিশ্চিত করতে ফ্রি ইন্টারনেট সেবা দেয়ার পাশাপাশি হালনাগাদ প্রযুক্তিপণ্য প্রদর্শন করেছে প্রতিষ্ঠানটি।

প্রসঙ্গত, মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল বাস্তবায়নে সরকারের পক্ষ থেকে নেয়া ৮টি পদক্ষেপ বাস্তবায়নে ‘গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ’ অন্যতম। দেশকে প্রযুক্তিতে এগিয়ে নিতে সচেতনতা বাড়ানোর পাশাপাশি এ প্রকল্প

## ফুজিৎসুর নতুন লাইফবুক

গ্রাফিক্স ডিজাইনার ও করপোরেট গ্রাহকদের জন্য জাপানি অরিজিন ফুজিৎসু ব্র্যান্ডের লাইফবুক দেশের বাজারে এনেছে কমপিউটার সোর্স। ফুজিৎসু এলএইচ৫৩২ ভি মডেলের এ লাইফবুকটিতে রয়েছে ২ জিবি ডিডিআর থ্রি র‌্যাম ও ৫০০ জিবি হার্ডডিস্ক। এতে আছে তৃতীয় প্রজন্মের কোরআই ফাইভ প্রসেসর ও ২ জিবি এনভিডিয়া ডেডিকেটেড গ্রাফিক্স। এর প্রসেসর সর্বোচ্চ ৩.১ গিগাহার্টজ ক্লকস্পিড গতিতে কাজ করে। ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার লাইফবুকটিতে ডিটিএস বুস্ট সফটওয়্যার ব্যবহার করায় এর সাউন্ড কোয়ালিটি ব্যবহারকারীকে দেয় অনিন্দ্য শব্দানুভূতি। ছয় সেল ব্যাটারিসম্পন্ন লাইফবুকটির ব্যাকআপ সাড়ে ৪ ঘণ্টা পর্যন্ত। বন্ধ অবস্থায়ও লাইফবুকটি এর ইউএসবি পোর্টের মাধ্যমে চার্জ দেয়া যায়। ব্লু-টুথ ভি৪.০, ইউএসবি ৩.০, ওয়াই-ফাই, গিগাবিট ল্যান ও ৭২০পি এইচডি ওয়েবক্যাম ছাড়াও বহনযোগ্য পিসির সব ধরনের সুবিধাসম্পন্ন এ লাইফবুকটিতে রয়েছে এক বছরের বিক্রয়োত্তর সেবা। দাম ৭১ হাজার ৫০০ টাকা। তিনটি আকর্ষণীয় রঙের লাইফবুকটির সাথে একটি ক্যারিকেস উপহার দিচ্ছে এর একমাত্র পরিবেশক কমপিউটার সোর্স। যোগাযোগ : ০১৭৩০ ৩৪১৫১৫

## রাজশাহীতে অনুষ্ঠিত হলো ইউসিসির এমএসআই ব্র্যান্ডের ডিলারমিট

গত ১৯ জানুয়ারি ইউসিসি আয়োজিত এমএসআই ব্র্যান্ডের রাজশাহী অঞ্চলের বার্ষিক ডিলারমিট ‘এমএসআই পার্টনারমিট রাজশাহী ২০১৩’ অনুষ্ঠিত হয়। ইউসিসির উদ্যোগে তার আগের সপ্তাহে এরূপ একটি ডিলারমিট অনুষ্ঠিত হয়েছিল সিলেটের ব্যবসায়ীদের নিয়ে। রাজশাহীর প্রথমসারির প্রায় সব ব্যবসায়ীর উপস্থিতিতে এএমডি প্লাটফর্মের এমএসআই ব্র্যান্ডের মাদারবোর্ডের এদেশের একমাত্র পরিবেশক ইউসিসির আয়োজনে এই ডিলারমিট অনুষ্ঠানে পণ্যটির নানা দিক তুলে ধরেন ইউসিসির সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন অ্যান্ড অ্যাডমিন) আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু এবং আইডিবি ব্রাঞ্চের ম্যানেজার মোহাম্মদ কামরুজ্জামান রাজীব। অনুষ্ঠানে রাজীব ইউসিসির আমদানিকৃত এএমডি প্লাটফর্মের এমএসআই ব্র্যান্ডের মাদারবোর্ডের বিভিন্ন মডেলের গুণগতমান এবং পাশাপাশি এর সাথে আমদানিকৃত এএমডি প্রসেসরের বিভিন্ন মডেল নিয়ে বিস্তারিত একটি পরিবেশনা তুলে ধরেন।

অনুষ্ঠানটির সঞ্চালকের দায়িত্বে থাকা কোম্পানির সহকারী মহাব্যবস্থাপক আনোয়ারুল কাইয়ুম চৌধুরী রাজু অনুষ্ঠানের শুরুতে শীতের রাতে শত কর্মব্যস্ততা এবং মেলার দায়িত্বে থাকা শর্তেও পার্টনারদের এই ডিলারমিটে উপস্থিতির প্রশংসা করেন। তিনি ‘এমএসআই পার্টনারমিট রাজশাহী ২০১৩’ নামে একটি সফল ডিলারমিট আয়োজনে রাজশাহীর ইউসিসির আমদানিকৃত এএমডি প্লাটফর্মের এমএসআইয়ের ডিলারদের ধন্যবাদ জানান। এছাড়া তিনি এরূপ একটি অনুষ্ঠান করতে যাদের খুব কাছ থেকে পেয়েছেন তাদের মধ্যে অন্যতম প্রধান পিক্সেলস কমপিউটারের স্বত্বাধিকারী আশরাফ সিদ্দিকী নুরের কথা আলাদাভাবে উল্লেখ করেন। উক্ত ডিলারমিট অনুষ্ঠানে আর যারা উপস্থিত ছিলেন তারা হলেন পিসি ওয়ার্ল্ড, টেকল্যাব, কমপিউটার প্যালেস, উইনকম সিস্টেম, সেল কমপিউটারস, নিউ কমডেক্স সিস্টেম সল্যুশন, সাইবার জোন কমপিউটার ইত্যাদির মালিকরা।

বিভিন্ন কোম্পানির এমএসআইয়ের ডিলাররা ছাড়া এতে ছিলেন ইউসিসির সিনিয়র কর্মকর্তা উত্তরা ব্রাঞ্চের ম্যানেজার এম. এ. রুবেস, এ.কে.এম. ফাহিম উদ্দিন (সহকারী ম্যানেজার, চ্যানেল সেলস), মো: জুবায়ের হোসেন (সহকারী ম্যানেজার, চ্যানেল সেলস)